দৈঃ জনকণ্ঠ

তারিখ ... 20 FEB 2015
পৃষ্ঠা: ... কলাম ... ৩ ...

জাতীয় বিশ্ববিদ্যালয়

## স্নাতকে ভর্তি কার্যক্রমে রিলিজ স্লিপে আবেদন সোমবার থেকে

নিজস্ব সংবাদদাতা, গাজীপুর, ১৯ ফেব্রুয়ারি ॥ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৪-১৫ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে রিলিজ স্লিপে অনলাইন আবেদন শুরু হচ্ছে সোমবার থেকে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতরের পরিচালক (ভারপ্রাপ্ত) মোঃ ফয়জুল করিম বৃহস্পতিবার জানান, ভর্তি কার্যক্রমে রিলিজ স্লিপে অনলাইন আবেদন সোমবার (২৩ ফেব্রুয়ারি) থেকে শুরু হয়ে ২ মার্চ পর্যন্ত চলবে। ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী যে সকল শিক্ষার্থী- ক) মেধা তালিকায় স্থান পায়নি, খ) মেধা তালিকায় স্থান পেয়েও ভর্তি হয়নি, গ) ভর্তি বাতিল করেছে, সে সকল শিক্ষার্থী রিলিজ স্লিপে আবেদন করতে পারবে। এ সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ওয়েবসাইট লিঙ্কে পাওয়া যাবে।